ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স-৩৯৫৪

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৫

**রাজ্যে ডেঙ্গু প্রতিরোধে উৎস সনাক্তকরণ, জনসচেতনতা ও সমন্বিত কার্যক্রম**

ডেঙ্গু প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে সারা রাজ্যে বিভিন্ন জনস্বাস্থ্য কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদিত করা হচ্ছে। রাজ্যের বিভিন্ন ব্লক, স্বাস্থ্যকেন্দ্র এবং আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে যে সমস্ত গুরুত্বপূর্ণ কার্যক্রমগুলো পরিচালিত হচ্ছে এগুলো হল বাড়ি বাড়ি পরিদর্শন ও আইইসি কার্যক্রম, আন্তঃবিভাগীয় সমন্বয় সভা, জনসচেতনতা কার্যক্রম, রাসায়নিক ও জৈবিক ব্যবস্থাপনা এবং স্বাস্থ্যকর্মীদের সম্পৃক্ততা ইত্যাদি। এরমধ্যে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে স্বাস্থ্যকর্মীরা উৎস সনাক্তকরণ ও উৎস বিনাশ সংক্রান্ত তথ্য প্রচারের জন্য বাড়ি বাড়ি পরিদর্শন কর্মসূচি পরিচালিত হচ্ছে। গ্রাম ও সাব-সেন্টার পর্যায়ে জ্বরের উপসর্গ থাকলে রক্তের স্ক্রিনিং করা হচ্ছে। কমিউনিটিকে সচেতন করতে বাড়ি বাড়ি মশার ব্রিডিং সোর্স রিডাকশন কার্যক্রম সম্পাদিত করা হচ্ছে। এছাড়া ব্লক পর্যায়ে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ সংস্থা বা বেসরকারি সংস্থার উপস্থিতিতে ইন্টার-সেক্টোরাল কনভার্জেন্স সভা অনুষ্ঠিত করা হচ্ছে, যেখানে ডেঙ্গু নিয়ন্ত্রণে সমন্বিত উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। বিভিন্ন এলাকায় মাইকিংয়ের মাধ্যমে সতর্কবার্তা ও সচেতনতা প্রচার করা হচ্ছে। এরমধ্যে আইইসি প্রচার গাড়ির মাধ্যমে জনগণের মধ্যে ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক বার্তা ছড়িয়ে দেওয়া হচ্ছে। এদিকে বিভিন্ন সংক্রমণ প্রবণ এলাকায় টেমেফস ও বিটিআই স্প্রে করা হচ্ছে। বিভিন্ন সংক্রমণ প্রবণ এলাকা চিহ্নিত করে টেমেফস স্প্রে ও ড্রাই ডে পালন করা হচ্ছে, যেখানে স্বাস্থ্যকর্মীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করছেন। কমিউনিটি হেল্থ অফিসার ও এমপিডব্লিউ-দের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে উৎস ধ্বংস ও কমিউনিটি সেনসিটাইজেশন পরিচালন করা হচ্ছে। তাতে সক্রিয় ডেঙ্গু রোগীর বাড়িতে ফগিং কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। বিশেষভাবে জেলা পর্যায়ের নিয়োজিত টিম নিয়মিত মনিটরিং করেছে। স্বাস্থ্যকেন্দ্রে আশা ভরসা দিবসে আশা কর্মীদের ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে প্রশিক্ষণ ও সংবেদনশীলতা বৃদ্ধি করা হচ্ছে। এই ধরনের উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি, উৎস বিনাশ এবং আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে ডেঙ্গুর বিস্তার ও নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।